দৈনিক বাংলা

তারিখ 15 FEB 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

106

### নতুন নিয়ম ঃ ৬ পয়েন্ট লাগবে

# ঢাকা ভার্সিটিতে মার্চের শেষে প্রিলিমিনারী ভর্তি পরীক্ষা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** মার্চ মাসের শেষের দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রিলিমিনারী ভর্তি শুরু হবে। মার্চের প্রথম দিকে ভর্তির ঘোষণা দেয়া হবে।

সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের এক সভায় প্রিলিমিনারীতে ভর্তির বেশ কিছু নতুন নিয়ম আরোপ করা হয়।

একটি সংশ্লিষ্ট সূত্র জানান, এবার প্রিলিমিনারীতে ভর্তির জন্য ৬ পয়েন্ট লাগবে। এর আগে মোট পাঁচ পয়েন্ট হলে ভর্তি হওয়া যেত।

কর্তৃপক্ষ এবার প্রিলিমিনারীতে আসন অনার্সের চেয়ে শতকরা দশ ভাগ কমিয়ে এনেছেন। অনার্সে ১০০ জন ভর্তি করা হলে সে-ক্ষেত্রে প্রিলিমিনারীতে ৯০ জন ভর্তি করা হবে বলে সূত্র জানান।

প্রিলিমিনারী ভর্তি কিছুদিন দেরিতে শুরু হলেও ক্লাস শুরু হবে অনার্সের সঙ্গে।

(৫-এর পৃঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে এবার অনার্স ও মাষ্টার্স ক্লাস ১ জুলাই থেকে শুরু হবে।

প্রতি বছর ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রিলিমিনারী কমিয়ে অনার্স ভর্তি বৃদ্ধি করা হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদের সভাপতিত্বে সোমবার অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের সভায় প্রিলিমিনারী ভর্তির ক্ষেত্রে সুনির্দিষ্ট কিছু নীতিমালা গৃহীত হয়। অনার্স ভর্তি চলার মধ্যেই প্রিলিমিনারীতে ভর্তি শুরু হবে।

তিনি জানান, প্রিলিমিনারীর আসন প্রতিবছর কমিয়ে অনার্সের আসন সংখ্যা বাড়ানো হবে।